## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

1. বাংলাদেশে এখন করোনায় অনেক মানুষ আক্রান্ত এবং অকালে মৃত্যুবরন করছে, প্রার্থনা করবেন যেন ঈশ্বর বাংলার তথা বিশ্বের মাটি থেকে করোনা দুর করেন।

2. বাংলাদেশের গ্রাম গঞ্জে যেন নারী জাগরণ তৈরি হয়, এবং শহরের নারীদের মত গ্রামের মেয়েরা জীবন যাপনে এগিয়ে যেতে পারে। ঈশ্বর যেন বাংলাদেশের মায়েদের মধ্য দিয়ে কাজ করেন।

3. বাংলাদেশে এখনও বিভিন্ন জায়গায় মেয়েদের লাঞ্ছিত করা হয় এবং নারী পুরুষের বৈষম্য এখনও দেখা যায়, যার কারণে মেয়েরা বিভিন্ন ভাবে সমজে অবহেলিত হচ্ছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর বাংলাদেশ থেকে এই নারী পুরুষের যে বৈষম্য তা দূর করেন এবং মানুষ শান্তিতে বসবাস করতে পারে।

4. বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্থ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্থ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়।

5. এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

**<기도 후원자의 편지>**

저는 '소망의 여인들' 기도 달력을 이렇게 활용하고 있습니다.

저희 가정은 매달 첫 주에 가정예배를 드리는데, 그때 가족 네 명이 돌아가면서 기도 달력의 기도제목을 1일부터 31일까지 순서대로 번갈아가면서 읽으며 기도합니다.

그리고 개인 기도 시간 중 매주 화요일에는 북방선교방송을 위해 기도하는데, 이 때 매주 열흘씩 나눠서 기도제목을 읽으며 기도하고 있습니다.

직장에 다니고 있어서 매번 참석할 수는 없지만 시간 형편이 허락되는 대로 매월 첫 주 금요일에 있는 '소망의 여인들' 기도 모임에 참여하려고 노력합니다. 함께 모여 기도하면 혼자서 할 때보다 더 힘이 나고 은혜로운 것 같아요.

또 직장 신우회 동료들에게 기도 달력을 나눠주고 있습니다. 동료들은 기도 달력을 보며 아직도 전 세계에 이렇게 힘들게 살아가고 있는 여성들이 많다는 것이 믿겨지지 않는다고 합니다. 상대적으로 우리는 대한민국에서 여성으로서 살아감을 감사하게 됩니다.

- 안인숙 사모

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2020. 11.**

**নভেম্বর ২০২০ শাস্ত্রাংশ সহ প্রার্থনার অনুরোধ সমূহ**

আগামী দুই মাসে আমাদের প্রার্থনার সময়ে, আমরা সুযোগ পাব অধ্যান করার ২১ শতাব্দীর সেই সকল মন্ডলীর ও বিশ্বাসীদের পরিসংখ্যান ও স্বাক্ষ যারা এখনো খৃষ্টের জন্য নির্যাতিত হয়। তারপর আমরা সুযোগ পাবো সেই সকল নির্যাতনকারীদের জন্য প্রার্থনা করার যেন তারাও পরিত্রান লাভ করতে পারে ও জানতে পারে যে খ্রীষ্টের বিশ্বাসীদের জন্য কিরূপে শান্তি ও অনন্তকালীন জীবন অপেক্ষা করে আছে। আমরা বিশ্বাস করি যে প্রভু যীশু খৃষ্টের আশীর্বাদের এই প্রতিশ্রুতি তাঁর ধার্মিক নির্যাতিত বিশ্বাসীদের এগিয়ে নিয়ে যায় ও উৎসাহ দেয়, নির্যাতিত হওয়া সত্ত্বেও।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। তোমার বিশ্ব মণ্ডলীর সংগঠিত সদস্য হিসাবে আমাদের নিজেদের নম্র করতে, আমাদের সমস্ত পাপের জন্য অনুতাপ করতে, এবং আমাদের দেশগুলির শারীরিক এবং আত্মিক আরোগ্যের জন্য আমাদের মধ্যস্থতাকারী প্রার্থনা করার জন্য ঐক্যবদ্ধ কর (২ বংশাবলি ৭:১৪)।

২। পিতা ইউক্রেনের ডনবাস অধিকৃত এলাকায় অত্যাচারিত বিশ্বাসীদের মধ্যে আশা, শান্তি এবং ন্যায়বিচার আনো যাদের বিরুদ্ধে ঐ এলাকায় সরকার কতৃক সুসমাচার প্রচার কার্য নিষিদ্ধ হওয়ার ফলে জরিমানা ধার্য করা হয়েছে এবং যাদের কারারুদ্ধ করা হয়েছে। (মথি ৫:১০-১২)

৩। আমরা আমাদের সৈন্যবাহিনীর সদস্যদের জন্য প্রার্থনা করি যারা তাদের পরিবার থেকে পৃথক হয়ে আছে এবং অধিক সময়ের জন্য বিচ্ছিন্নতার মধ্যে সেবা কাজ করছে। তারা যেন পরিত্রাণ, শান্তি এবং সুরক্ষার জন্য তোমার কাছে ক্রন্দন করে। (গীত ৪:৮)

৪। প্রভু, যারা রাজনৈতিক ভ্রষ্টাচারের জন্য ইথিওপীয়ার কারাগারগুলিতে আছে তাদের জন্য আমরা প্রার্থনা করি। তারা যেন যীশুর সুসমাচার শোনে এবং গ্রহণ করে এবং কারাগার থেকে ছাড়া পাওয়ার পর তারা যেন শান্তির মানুষ হয়। (২ পিতর ১:৪)

৫। পিতা, আমরা বেনিনের যুবতীদের জন্য এবং শিক্ষার্থীদের জন্য প্রার্থনা করি যারা যীশুকে অনুসরণ করার জন্য তাদের পরিবার এবং বন্ধুদের দ্বারা পরিত্যক্ত হয়েছে। তাদের বিশ্বাসের মধ্যে তাদের উৎসাহিত করার জন্য তাদের কাছে খ্রীষ্টিয় বন্ধুদের আনো। (২ করি ১৩:১১)

৬। প্রভু, আমরা তোমার প্রশংসা করি,কারণ আশাময়ী নারী এবং অন্যান্য খ্রীষ্টিয় রেডিও অনুষ্ঠানগুলির মাধ্যমে উরুগুয়ের কারাগারগুলির বিচ্ছিন্ন হওয়া ৮০০ জন মহিলা তোমার আশার বাণী শুনতে পারে। (যিশাইয় ৬১:১)

৭। প্রভু, ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সংস্থাকে এবং অন্যান্য সংস্থাগুলিকে সাহায্য করার জন্য আরও অধিক জার্মানী বিশ্বাসীদের তুলে ধর, যারা এই নিঃসঙ্গ, অভাবী এবং অত্যাচারিত খ্রীষ্টানদের সাহায্য করছেন। (১ থিষ ৫:১১)।

৮। প্রভু, কোভিড – ১৯ এর বিস্তারের রাশ টানার বিষয়ে সরকারী কর্মকর্তারা যেন তাদের প্রচেষ্টার অংশ হিসাবে কয়েদীদের কারাগার থেকে মুক্ত করার বিষয়ে সঠিকভাবে বিবেচনা করতে পারে তার জন্য তাদেরকে প্রজ্ঞা দিন। সেই কয়েদীরা যখন পুনরায় তাদের সমাজে প্রবেশ করবে তখন স্থানীয় মণ্ডলীগুলি যেন তাদের সাহায্য দান করে। (কলসীয় ১:৯)

৯। দয়াময় ঈশ্বর, বৃদ্ধাশ্রমের পরিবারের সঙ্গে কোনও সংযোগ না থাকা নিঃসঙ্গ, হতাশাগ্রস্ত এবং বিচ্ছিন্ন জীবনযাপনকারী লোকদের এবং হাসপাতালে ভর্তি থাকা যে অসুস্থ লোকদের কেউ দেখতে আসে না তাদের অন্তরে সান্ত্বনা, শান্তি এবং শক্তি আনার জন্য আমরা তোমার কাছে যাচ্ঞা করি। (গীত ১০:১৭)

১০। পিতা, দক্ষিণ আফ্রিকার কয়েদীরা তাদের নিজেদের জন্য, তাদের পরিবারগুলির জন্য এবং ভবিষ্যতে তাদের সমাজে পুনরায় প্রবেশ করার বিষয়ে ভীষণভাবে প্রার্থনা চান। এই সমস্ত পতিত, নিঃসঙ্গ এবং অবাঞ্ছিত লোকদের যীশুর নামে ভালোবাসার জন্য আমাদের সাহায্য কর। (গীত ২৫:১৬)

১১। প্রভু, আমরা সারা পৃথিবীতে তোমার সন্তানদের জন্য প্রার্থনা করি যারা তাদের বিশ্বাসের জন্য অত্যাচারিত হচ্ছে। আমরা সুরক্ষার জন্য এবং তোমার উপস্থিতির গভীর চেতনার জন্য তোমার কাছে প্রার্থনা করি। (গীত ৯১)

১২। হে পিতা, কীভাবে কারাগারে সুসমাচার এবং খ্রীষ্টিয় রেডিও অনুষ্ঠানগুলি প্রবেশ করানো যায় সেই বিষয়ে নেপালের খ্রীষ্টানদের অন্তর্দৃষ্টি এবং সৃজনশীলতা দাও। আর কয়েদীদের হৃদয় যেন তোমার সত্য গ্রহণ করতে পারে। (১ থিষ ২:১৩)

১৩। প্রভু, ক্রোয়েশিয়ার উপর দিয়ে গমনরত অত্যাচারিত ভাই বোনদের সুরক্ষার জন্য আমরা প্রার্থনা করি। তাদেরকে তাদের অত্যাচারীদের হাত থেকে রক্ষা কর এবং তাদেরকে অন্য ইউরোপীয় দেশগুলিতে নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করে দাও, যেখানে তারা বিশ্বাসী হিসাবে প্রকাশ্যে জীবন যাপন করতে পারবে। (গীত ৫:১১)

১৪। ঈশ্বর আমরা ভারতীয় যুবতী বিধবাদের জন্য প্রার্থনা করি কারণ তারা বিচ্ছিন্ন এবং নিঃসঙ্গ। তাদেরকে তোমার সুবিবেচনা দাও যাতে তারা তাদের সন্তানদের প্রতিপালন করতে পারে এবং তাদের সমস্ত প্রয়োজনগুলির যোগান দিতে পারে। (ফিলিপীয় ৪:১৯)

১৫। হে পিতা, যারা প্যারাগুয়ে কারাগারগুলিতে বন্দী আছে সেই কয়েদীদের কাছে পরিত্রাণ, আরোগ্য এবং পুনরুদ্ধার আনার জন্য তোমার কাছে প্রার্থনা করি। তোমার সুসমাচার যেন তাদেরকে মুক্ত করতে পারে যাতে তারা তোমার সত্য ঘোষণা করতে পারে। (যিশাইয় ৪২:৭)

১৬। হে প্রভু, ইন্দোনেশিয়ার যারা খ্রীষ্ট ধর্ম গ্রহণ করেছে, তাদেরকে বিশ্বাসীদের পরিবারগুলিকে খুঁজে পেতে সাহায্য কর যারা তাদের সাহায্য করতে পারবে এবং তাদেরকে তাদের নতুন বিশ্বাসে বৃদ্ধি লাভ করতে সাহায্য করবে। (ফিলিপীয় ২:১-৩)

১৭। হে পিতা, যে মহিলারা কারাগারে তাদের সন্তান প্রসব করছে তাদের প্রয়োজনের প্রতিবিধান করার জন্য আমরা তোমার কাছে যাচ্ঞা করি। তারা এবং তাদের নবজাত শিশুরা অধিকাংশ সময় প্রাথমিক খাদ্য এবং স্বাস্থ্য পরিষেবা পায় না। (গীত সংহিতা ১৪৬:৭)

১৮। হে প্রভু, আরবের অত্যাচারিত খ্রীষ্ট বিশ্বাসীদের সাহস, শান্তি এবং আনন্দ দাও যাতে তারা দুঃখভোগের মধ্যে দৃঢ়তার সঙ্গে দাঁড়াতে পারে। দুর্বলদের শক্তিশালী হতে এবং সমর্থন লাভ করতে সাহায্য কর। আমাদের ভাই এবং বোনদের শত্রুদের হাত থেকে উদ্ধার কর, এবং তাদেরকে তোমার সার্বভৌম পরাক্রমের বিষয়টি অবগত হতে দাও। (রোমীয় ১৫:৪-৬)

১৯। প্রভু, আমরা কোরিয়ার সেই সমস্ত মিশনারীদের জন্য প্রার্থনা করি যারা উত্তর কোরিয়ার কারাগারগুলিতে বন্দী আছে এবং তারা যেন সমস্ত সঙ্কটের মধ্যেও তোমার প্রতি বিশ্বাস রাখে এবং তোমাকে ভালোবাসে।প্রভু তাদেরকে শীঘ্রই মুক্তি লাভ করতে এবং তাদের পরিবারের সঙ্গে পুনরায় মিলিত হতে পারে। (গীত ১৪২:৭)

২০। গণহত্যার অভিযোগ ছড়িয়ে পড়ার জন্য, আমরা উইগুর এবং অন্যান্য সংখ্যালঘু জাতিগুলির জন্য প্রার্থনা করি যারা চীনের বন্দি শিবিরগুলিতে আটক আছে। প্রার্থনা করুন যাতে খ্রীষ্টকে অন্বেষণকারীগণ এই এলাকাগুলিতে তাদের ভাষায় প্রচারিত খ্রীষ্টিয় অনুষ্ঠানগুলির মধ্যে নিজেদের সামাঞ্জস্যপূর্ণ করার সুযোগ পায়। (গীত ১২:৫)

২১। প্রভু, কারাগারে যে মহিলার কোনও অপরাধ না করা সত্ত্বেও মিথ্যা অভিযোগে বন্দি আছে তাদের উৎসাহ এবং সহিষ্ণুতার জন্য প্রার্থনা করি। তোমার সুবিচার যেন তাদের কাছে সুপ্রাপ্য হয় এবং প্রত্যেক নির্দোষ ব্যক্তি যেন মুক্তি পায়। (হিতোপদেশ ২১:১৫)

২২। প্রভু, আমরা লাইবেরিয়ার সরকারের জন্য প্রার্থনা করি যাতে তারা মহিলাদের তাদের পণ্যদ্রব্যগুলি বিক্রয় করার জন্য উপযুক্ত জায়গার ব্যবস্থা করতে পারে এবং পুলিশদের দ্বারা তাদের হয়রানি বিষয়গুলি এবং তাদের পণ্যদ্রব্যগুলি বাজেয়াপ্ত করার বিষয়গুলি যেন বন্ধ হয়। (গীত ১০৩:৬)

২৩। আমরা সেই সকল বিশ্বাসীদের জন্য তোমার প্রশংসা করি যারা দৃঢ়তার সঙ্গে আলবেনিয়ার কারাগারগুলি পরিদর্শন করছেন। তাদেরকে মহান প্রজ্ঞা এবং অনুগ্রহ দাও কারণ তারা কয়েদীদের কাছে তোমার সত্য সহভাগিতা করে। (মথি ২৫:৩৬)

২৪। প্রভু আমরা সেই সমস্ত বিচ্ছিন্ন হওয়া লোকদের জন্য প্রার্থনা করি যারা সাহায্যের জন্য তোমার কাছে অথবা অন্যদের কাছে যায় না। তাদেরকে আত্মহত্যা থেকে, ধ্বংসাত্মক আচরণ থেকে এবং চিন্তা থেকে রক্ষা কর। (যোহন ৮:৩২)

২৫। প্রভু, আমরা কম্বোডিয়ার খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য প্রার্থনা করি যারা তাদের বিশ্বাসের জন্য পরিবারের সদস্যদের দ্বারা অত্যাচারিত হচ্ছে। এই বিশ্বাসীদের বিশ্বাসকে শক্তিশালী কর এবং তাদেরকে তাদের পরিবারের কাছে সঙ্গতিপূর্ণভাবে জ্যোতি হওয়ার জন্য সাহায্য কর। (গীত ১১৯:৮৬)

২৬। হে পিতা, ডেনমার্কের খ্রীষ্টান কারাগারের কর্মীদের প্রজ্ঞা এবং দয়া দান কর। কয়েদীদের কাছে যীশুর মাধ্যমে পরিত্রাণ এবং আরোগ্যের বাণী আনার জন্য তাদের ব্যবহার কর যারা তাদের জীবন এবং বিশ্বাস সম্পর্কে মন খুলে কথা বলে। (লূক ৪:১৮)

২৭। প্রিয় প্রভু, ফিনিশীয় বিশ্বাসীদের তাদের বিশ্বাসের উপর অটল থাকতে সাহায্য কর যদিও ধর্মনিরপেক্ষ সমাজ তাদের খাটো করে দেখে এবং বিদ্রূপ করে। তাদেরকে ভালোবাসা এবং সহমর্মিতা সহ অবিশ্বাসীদের মোকাবিলা করতে শিক্ষা দাও। (রোমীয় ১৫:৪)

২৮। প্রভু, আমরা সুইডেন, কানাডা এবং উত্তরের অন্যান্য দেশগুলির প্রাচীনবর্গের জন্য প্রার্থনা করি যারা শীতের মাসগুলিতে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে থাকে এবং অন্যদের কাছ থেকে খুব কমই ফোন কল্ পায়। বিশ্বাসীরা যেন তাদের কাছে ব্যক্তিগত মনোযোগ এবং ভালোবাসা সহ পৌঁছায়। (যোহন ১৩:৩৪-৩৫)

২৯। প্রভু, রোমানীয়ার খ্রীষ্টিয় স্ত্রীদের এমন শুদ্ধ এবং শ্রদ্ধাশীল জীবন যাপন করতে সক্ষম কর যাতে তাদের স্বামীরা আগ্রহের সঙ্গে তাদের গ্রহণ করে এবং কোনও কথা ছাড়াই তারা খ্রীষ্টের কাছে আসে এবং তাদের বিশ্বাসী স্ত্রীদের উপর অত্যাচার করা বন্ধ করে। (১ পিতর ৩:১-২)

৩০। পিতা, সমস্ত দেশগুলির তোমাকে ভীষণভাবে প্রয়োজনের বিষয়টি দেখার জন্য এই অতিমারীর ঘটনাটিকে ব্যবহার কর। সমস্ত লোকেরা যেন বুঝতে পারে যে তুমি একমাত্র জীবন এবং মৃত্যু নিয়ন্ত্রণকারী ঈশ্বর; তুমি পাপের দণ্ড দাও, কিন্তু যারা বাধ্যতায় তোমাকে অনুসরণ করে তাদের জন্য তোমার কাছে আশীর্ব্বাদ এবং জীবন আছে। (যিরমিয় ৩২: ১৭-১৯)